

# Times Today BD

দেওয়ান গিয়াস উদ্দিন | ক্যাম্পাস | 20 April, 2025

নিয়মিত ওয়ার্ড সুবিধা ও ক্লাস না হওয়ায় সুনামগঞ্জ মেডিকেল কলেজ ও হাসপাতালে দ্রুত হাসপাতালের কার্যক্রম চালুর দাবিতে টানা অনির্দিষ্টকালের ক্লাস বর্জনের পাশাপাশি দ্বিতীয় দিনের মতো সড়ক অবরোধ করে বিক্ষোভ করছেন কলেজের শিক্ষার্থীরা। পরে ঘটনাস্থলে সেনাবাহিনী এসে শিক্ষার্থীদের সড়ক থেকে সরে যেতে অনুরোধ করলে শিক্ষার্থীরা সড়কেই কর্মসূচি চালিয়ে যায়। পরে সেনাবাহিনী লাঠিচার্জ করলে সিলেট সুনামগঞ্জ সড়ক থেকে শিক্ষার্থীরা মেডিক্যাল কলেজে গিয়ে অবস্থান নেয়।

রবিবার সকাল ১০ টা থেকে সিলেট- সুনামগঞ্জ সড়কের মদনপুর এলাকায় ক্যাম্পাসের সামনে সড়ক অবরোধ করে আন্দোলন করে তারা। পরে ঘটনাস্থলে সেনাবাহিনী এসে সড়ক থেকে সরে যাওয়ার অনুরোধ করলে তারা না মেনে অবরোধ অব্যাহত রাখে। সাড়ে দশটার দিকে সেনাবাহিনী লাঠিচার্জ করে সড়ক থেকে শিক্ষার্থীদের সরিয়ে দিয়ে যান চলাচল স্বাভাবিক করেন। এর আগে ১৫ এপ্রিল অনির্দিষ্টকালের জন্য ক্লাস বর্জন করে মানববন্ধন ও পরের দিন সড়ক অবরোধ করে টানা ৪ দিন বিভিন্ন কর্মসূচি পালন করে।

এসময় শিক্ষার্থীরা অভিযোগ করে জানান, প্রথম দফা অবরোধ তুলে নেয়ার পর ওয়ার্ড ক্লাস সুবিধা ও হাসপাতাল চালুতে কার্যকরী পদক্ষেপ না নেয়ায় ফের অবরোধে নামেন হন তারা। দাবি পূরণ হওয়া পর্যন্ত অবরোধ চালিয়ে যাওয়ার হুঁশিয়ারি শিক্ষার্থীদের।

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 25 April, 2025 04:26

URL: <https://timestodaybd.com/campus/2638371104>